**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে 12তম বার্ষিক 'আমি আমার পার্ককে ভালোবাসি' দিবসের জন্য সাইন আপ করতে উৎসাহিত করলেন

***নিউ ইয়র্কজুড়ে 120টির বেশি পার্ক, ঐতিহাসিক সাইট এবং সরকারি ভূমিতে স্বেচ্ছাসেবী ইভেন্ট অনুষ্ঠিত হবে***

***অংশগ্রহণকারীগণ পুরো স্টেটজুড়ে পরিচ্ছন্নতা অভিযানে স্বেচ্ছাসেবকের কাজ করে নিউ ইয়র্কের সরকারি ভূমিসমূহকে উদযাপন করবে***

***অনলাইন নিবন্ধন এখন খুলে দেওয়া হয়েছে এবং এখানে পূরণ করা যাবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 12তম বার্ষিক আমি আমার পার্ককে ভালোবাসি দিবসের (I Love My Park Day) জন্য নিবন্ধন এখন খুলে দেওয়া হয়েছে এবং এটি নিউ ইয়র্ক স্টেটজুড়ে স্টেটের পার্ক, ঐতিহাসিক সাইট এবং সরকারি ভূমিসমূহে 6 মে, 2023, শনিবার পালিত হবে। নিউ ইয়র্ক পার্ক এবং ট্রেইল (Parks & Trails New York, PTNY), নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation) এবং পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) মধ্যকার একটি অংশীদারিত্বে আয়োজিত এই ইভেন্টটি হলো পার্ক, ঐতিহাসিক সাইট এবং সরকারি ভূমি উন্নয়নে এবং স্টেটের আউটডোর বিনোদন সম্পদ এবং তাদের চাহিদার ব্যাপারে সচেতনতা বৃদ্ধি ও এদের দৃশ্যমানতা বৃদ্ধি করতে স্টেটব্যাপী বৃহত্তম স্বেচ্ছাসেবী ইভেন্ট।

"আমি আমার পার্ককে ভালোবাসি হলো নিউ ইয়র্কবাসীর জন্য আমাদের দুর্দান্ত পার্ক ও সরকারি ভূমির প্রতিদান প্রদানের একটি দারুণ সুযোগ," **গভর্নর হোকল বলেন।** "ভবিষ্যৎ প্রজন্মসমূহ যাতে দারুণ এইসব প্রাকৃতিক সংস্থান উপভোগ করা অব্যাহত রাখতে পারে তা নিশ্চিত করার জন্য আমি সকল নিউ ইয়র্কবাসীকে সাইন আপ করা এবং তাদের এলাকার অংশগ্রহণকারী একটি পার্ক, ঐতিহাসিক সাইট বা ট্রেইলে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করার জন্য উৎসাহিত করবো," গভর্নর হোকল বলেন।

স্বেচ্ছাসেবকদের কাছে লং আইল্যান্ড থেকে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং এর মধ্যকার সকল অঞ্চলের 120টির বেশি স্টেট পার্ক, ঐতিহাসিক সাইট ও সরকারি ভূমিতে পরিচ্ছন্নতা অভিযানে অংশগ্রহণ করার সুযোগ পাবে, যার মধ্যে পরিবেশ সংরক্ষণ বিভাগের পরিচালিত সাইট এবং মিউনিসিপ্যাল পার্কসমূহে অন্তর্ভুক্ত থাকবে। আমি আমার পার্ককে ভালোবাসি দিবসের জন্য নিবন্ধন [এখানে] পূরণ করা যাবে।

**পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের কমিশনার এরিক কুলেসিড বলেন,** "এই ইভেন্টটি আয়োজন করার জন্য এবং প্রতিদান দেওয়ার সুযোগ সম্প্রসারণ ও দায়িত্বশীল রক্ষণাবেক্ষণের প্রচারের জন্য নিউ ইয়র্ক পার্ক ও ট্রেইলে আমাদের অংশীদারদেরকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের স্টেটের পার্ক ব্যবস্থাকে দেশের সেরা করার জন্য আমাদের স্বেচ্ছাসেবকেরা অতি গুরুত্বপূর্ণ এবং আমি আমার পার্ককে ভালোবাসি দিবসে এই বছর আরেকবার হাজার হাজার স্বেচ্ছাসেবককে স্বাগত জানানোর জন্য আমরা উন্মুখ।"

**পরিবেশ সুরক্ষা বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "সরকারি ভূমি আমাদের সকলের, আমাদের পরিবারের এবং আমাদের প্রতিবেশীদের, এবং একত্রে কাজ করে আমরা বিশেষ এই স্থানগুলির রক্ষণাবেক্ষণে অংশ গ্রহণ করতে পারি যাতে ভবিষ্যৎ প্রজন্ম এগুলিকে ভালোবাসতে এবং উপভোগ করতে পারে। ঘরের বাইরে যাওয়া এবং আমাদের স্টেটের ভূমিসমূহের প্রাকৃতিক সৌন্দর্য রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ করতে সাহায্য করার মাধ্যমে পরবর্তী প্রজন্মকে পরিবেশের রক্ষক হতে উৎসাহিত করার কাজে DEC ও আমাদের স্টেট পার্কের অংশীদারদের সাথে যোগ দেওয়ার জন্য আমি আমার পার্ককে ভালোবাসি দিবসটি হলো নিউ ইয়র্কবাসীদের জন্য একটি দারুণ সুযোগ।"

**নিউ ইয়র্ক পার্ক এবং ট্রেইলের নির্বাহী পরিচালক পল স্টিলি হোয়াইট বলেন,** "নিউ ইয়র্কবাসীরা তাদের পার্কসমূহে অত্যধিক ভালোবাসে। নিঃসন্দেহে আমাদের অতি প্রিয় পার্ক ব্যবস্থাটি মহামারীর সময়ে আমাদের আলিঙ্গন ও লালনপালন করেছে, 200 মিলিয়নের বেশি অনন্য (পুনরাবৃত্তিমূলক বেড়ানো ছাড়াই) পরিদর্শনের স্থান হয়েছে। কিন্তু ভালোবাসা হলো দ্বিমুখী ট্রেইল, এবং স্বাস্থ্যকর দীর্ঘমেয়াদি সম্পর্ককে রক্ষণাবেক্ষণ করতে হয়। এখন সময় হয়েছে আপনার প্রিয় পার্ক বা খোলা স্থানকে প্রমাণ করা যে আপনাদের সম্পর্ক শুধু মহামারীর সময়ের জন্য ক্ষণস্থায়ী না। চলুন এই আমি আমার পার্ককে ভালোবাসি দিবসে আমাদের পার্ক, ট্রেইল এবং খোলা স্থানকে দেখানো যাক আমরা তাদের কতটা ভালোবাসি!"

স্বেচ্ছাসেবকেরা রাবিশ পরিষ্কার করে, গাছ ও বাগান লাগিয়ে, ট্রেইল এবং বন্যপ্রাণীর আবাস প্রতিস্থাপন করে, ক্ষতিকর প্রজাতি অপসারণ করে এবং বিভিন্ন সাইট উন্নয়ন প্রকল্পে কাজ করে নিউ ইয়র্কের সরকারি ভূমিসমূহকে উদযাপন করবে।

সারা বছরজুড়ে রক্ষণাবেক্ষণ উৎসাহিত করতে, PTNY, স্টেট পার্ক এবং DEC, [আমাদের NY ভূমিকে ভালোবাসুন (Love Our NY Lands)] ক্যাম্পেইনের অংশ হিসেবে পুরো গ্রীষ্মকালজুড়ে অতিরিক্ত স্বেচ্ছাসেবী কাজের সুযোগ শুরু করবে। ক্যাম্পেইনের লক্ষ্য হলো দর্শকদেরকে তাদের প্রভাব হ্রাস করার জন্য প্রয়োজনীয় জ্ঞান প্রদান করে, ব্যবহারকারীদের টেকসই ও

নিরাপদ বিনোদন অনুশীলনে জড়িত করে, এবং সকল দর্শকদের স্টেটের ভূমি পরিদর্শনের সময় স্বাগত অনুভব করানোর মাধ্যমে আমাদের প্রাকৃতিক সংস্থানের সুরক্ষা করা।

নিউ ইয়র্ক পার্ক এবং ট্রেইল হলো নিউ ইয়র্কের শীর্ষস্থানীয় স্টেটব্যাপী পার্ক ও ট্রেইলের অ্যাডভোকেট, তারা 1985 সাল থেকে সকলের জন্য সবুজ স্থান ব্যবহার ও উপভোগের মাধ্যমে আমাদের স্বাস্থ্য, অর্থনীতি, এবং জীবনযাত্রার মান উন্নত করার জন্য নিবেদিত আছে। সারা রাজ্য জুড়ে হাজার হাজার সদস্য এবং সমর্থক নিয়ে, PTNY নিউ ইয়র্কের চমৎকার রাষ্ট্রীয় উদ্যান ব্যবস্থা এবং 1,500 মাইলেরও বেশি গ্রিনওয়ে, সাইকেল পথ, নদী পথ এবং ট্রেইল তৈরি এবং প্রচারে একটি নেতৃস্থানীয় কণ্ঠস্বর। এখানে আরো তথ্য পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস 250 এর বেশি পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, গলফ কোর্স, নৌকা চলাচল ইত্যাদির দেখাশোনা করে, এসব স্থানে 2022 সালে 79.5 মিলিয়ন মানুষ বেড়াতে গিয়েছে। এসব চিত্তবিনোদনের জায়গার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক, ইনস্টাগ্রাম ও টুইটারে সংযুক্ত হোন।

স্বাস্থ্যকর, সক্রিয় আউটডোর বিনোদনের সুযোগ সম্প্রসারিত করতে; আরো নিউ ইয়র্কবাসী ও বেড়াতে আসা মানুষকে প্রকৃতি ও আউটডোরের করতে; প্রাকৃতিক সংস্থান সুরক্ষিত রাখতে; এবং স্থানীয় অর্থনীতির প্রবৃদ্ধির জন্য অ্যাডভেঞ্চার NY (Adventure NY) উদ্যোগের অধীনে নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ কৌশলী বিনিয়োগ করছে। অ্যাডভেঞ্চার NY উদ্যোগের ব্যাপারে DEC এর ওয়েবসাইটে আরো পড়ুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন